

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২০৪৫(আগরতলা-১৪।০৯)

সাবুম, ১৪ সেপ্টেম্বর' ১৭

বিবেকানন্দ পল্লীতে উন্নয়নমূলক কাজ

সাতচাঁদ ব্লকের বিবেকানন্দ পল্লী গ্রাম পঞ্চায়েতে গত অর্থবর্ষে এম জি এন রেগায় বিভিন্ন উন্নয়নমূলক কাজ রূপায়ণে ব্যয় হয়েছে ৪০ লক্ষ ৭৫ হাজার ২৮৬ টাকা। শ্রমদিবস সৃষ্টি হয় ২৩,১০৭টি। কর্মসূচি অনুযায়ী ৩২ জন কৃষকের অনাবাদী জমি চাষ যোগ্য করে দেওয়া হয়। ৫ জনের পুকুর খনন এবং ৫ জনের পুকুর ও ৭টি জল নিকাশিনালা সংস্কার করে দেওয়া হয়। এছাড়া, ৪ জনের রাবার বাগান পরিচর্যা করা হয়। প্রধানমন্ত্রী আবাস যোজনায় ৪টি পরিবারকে গৃহ নির্মাণ করে দেওয়া হয়। কৃষি দপ্তর থেকে ৬৩ জন কৃষককে আমন ধান চাষে, ২ জনকে মোসাম্বি চাষে, ২ জনকে কেঁচো সার তৈরী ও ৫ জনকে আলু চাষে সহায়তা দেওয়া হয়। চতুর্দশ অর্থ কমিশনের বরাদ্দ অর্থে ১০টি ওভার হেড ট্যাংক স্থাপন এবং পানীয় জলের একটি পাইপ লাইন সংস্কার করা হয়। সংশ্লিষ্ট পঞ্চায়েত কার্যালয় থেকে এ তথ্য জানানো হয়েছে।

\*\*\*\*\*

This document was converted using  
Smart PDF Converter  
To remove this message purchase the  
product at [www.SmartPDFConverter.com](http://www.SmartPDFConverter.com)